# সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ

কুর্মিটোলা, ঢাকা-১২২৯

ফোন: ০১৮৪৬৯৯১৯০৫, ০১৭৬৯৯০৫৭৬২

E-mail: casckurmitola@gmail.com, www.casckurmitola.edu.bd

বিদ্যালয় কোড : ১৩৮৩
কলেজ কোড : ১৯১৩
থানা কোড : ১১৪
জেলা কোড : ১০
EIIN : ১০৮৫৪৩


সূত্র: সিএএসসি/কুর্মি/০০৮/০৬/২৬/৯৯ক

তারিখ: ২৬/০৭/২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিভিল এভিয়েশন স্কুল অ্যান্ড কলেজ, কুর্মিটোলা, ঢাকা-১২২৯-এ নিম্নলিখিত পদসমূহে প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে অস্থায়ী ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হবে। এ লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনের মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বেতন গ্রেড ও স্কেল |
|---|---|---|---|---|
| ক। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে বিষয়ে ২য় শ্রেণিতে স্নাতক/ ডিগ্রি/সমমান। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মাইক্রোসফট এক্সেলে পারদর্শিতা থাকতে হবে। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। | সর্বসাকুল্যে (২৯,০০০) |
| খ। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১ | | গ্রেড-১১ (বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০) |
| | মোট পদ | ০২ | | |

**আবেদনের শর্তাবলী:**

১। চাকরিতে যোগদানের শুরুতেই প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী সুযোগ-সুবিধা (শিক্ষাভাতা, প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়িভাড়া ভাতা, চিকিৎসাভাতা, উৎসবভাতা, নগরভাতা, বিশেষ প্রণোদনা ও অন্যান্য ভাতা) প্রদান করা হবে।

২। শিক্ষানবিশকাল ০২ (দুই) বছর। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন ও মূল্যায়ন সাপেক্ষে চাকরি নিয়মিত করা হবে। চাকরি নিয়মিত হলে কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, অবসরকালীন গ্র্যাচুইটি এবং কল্যাণ তহবিলসহ প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী অন্যান্য প্রাপ্য সুবিধা প্রদান করা হবে।

৩। **আবেদনের তারিখ: ২৭ জুলাই থেকে ০২ই আগষ্ট ২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত (অন-লাইনের মাধ্যমে)। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এসএমএস (মোবাইল বার্তা)-এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।**

৪। বয়স: প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবেদনের নিয়মাবলি: প্রার্থীকে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। এ-সংক্রান্ত সকল নিয়মাবলি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন করার জন্য ওয়েবসাইটের ঠিকানা: **https://apply.casckjobs.org** অথবা **(https://casckurmitola.edu.bd/)** আবেদন করার পূর্বে প্রার্থীর রঙিন ছবি, স্বাক্ষরের স্ক্যানকৃত কপি এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রস্তুত রাখতে হবে। উক্ত পদের জন্য ৫০০/- (পাঁচশত টাকা) আবেদন ফি এবং সাথে বিকাশ চার্জ অনলাইনে পেমেন্ট করতে হবে।

৬। **পরীক্ষা পদ্ধতি:** হিসাবরক্ষণ কর্মকর্তা ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদের জন্য লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। প্রবেশপত্র প্রাপ্তি: **https://apply.casckjobs.org** অথবা **(https://casckurmitola.edu.bd/)** ওয়েবসাইটে থেকে আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। Online আবেদনপত্রে আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া ও প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।

৮। প্রার্থীদেরকে উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোনো আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। যে কোনো ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

আবেদন পোর্টালের **QR Code**

**মোঃ আবদুল হান্নান,** পিএসসি
**উইং কমান্ডার**
**অধ্যক্ষ**